

আলোচ্য বিষয় –

নিরপেক্ষ বচনের সংজ্ঞা এবং গুণ ও পরিমাণের যুগ্মভিত্তিতে
নিরপেক্ষ বচনের শ্রেণীবিভাগ (নিরপেক্ষ বচনের চতুর্ভুজ কল্পনা)।

দর্শন অনার্স
চতুর্থ সেমিস্টার

Tufan Ali Sheikh
Assistant Professor
Department of Philosophy
Mahitosh Nandy Mahavidyalaya

নিরপেক্ষ বচন

যে বচনের উদ্দেশ্যপদ এবং বিধেয় পদের সম্বন্ধ কোন শর্তের উপর প্রতিষ্ঠিত নয়, অর্থাৎ যে বচনের বিধেয় পদ উদ্দেশ্য পদ সম্বন্ধে শর্তহীনভাবে কোন কিছু স্বীকার বা অস্বীকার করে, তাকে বলা হয় নিরপেক্ষ বচন।

উদাহরণ

সকল ফুল হয় সুন্দরবস্তু।

উক্ত বচনটি একটি নিরপেক্ষ বচন। কারণ, বচনটির উদ্দেশ্যপদ 'ফুল' এবং বিধেয়পদ 'সুন্দরবস্তু'-র মধ্যে যে সম্বন্ধের কথা বলা হয়েছে তা কোন শর্তের উপর প্রতিষ্ঠিত নয়।

গুণ ও পরিমাণের যুগ্ম ভিত্তিতে বা যৌথ ভিত্তিতে নিরপেক্ষ বচনকে চারভাগে ভাগ করা হয়। যথা –

i) সামান্য সদর্থক ‘A’ বচন,

ii) সামান্য নঞর্থক ‘E’ বচন,

iii) বিশেষ সদর্থক ‘I’ বচন,

এবং iv) বিশেষ নঞর্থক ‘O’ বচন।

নিম্নে উক্ত চার প্রকার বচন উদাহরণসহ আলোচনা করা হল –

i) সামান্য সদর্থক 'A' বচন

যে বচনের বিধেয়পদ উদ্দেশ্যপদ দ্বারা নির্দেশিত শ্রেণীর সকল সদস্য সম্পর্কে কোন কিছু স্বীকার করে তাকে বলা হয় সামান্য সদর্থক বচন।

যেমন – A - সকল ফুল হয় সুন্দর বস্তু।

সামান্য সদর্থক বচনকে ইংরেজী বর্ণমালার বড় অক্ষরের 'A' বর্ণ দ্বারা প্রকাশ করা হয়।

ii) সামান্য নঞর্থক 'E' বচন

যে বচনের বিধেয়পদ উদ্দেশ্যপদ দ্বারা নির্দেশিত শ্রেণীর সকল সদস্য সম্পর্কে কোন কিছু অস্বীকার করে তাকে বলা হয় সামান্য নঞর্থক বচন।

যেমন - E কোন মানুষ নয় দেবতা।

সামান্য নঞর্থক বচনকে ইংরেজী বর্ণমালার বড় অক্ষরের E বর্ণ দ্বারা প্রকাশ করা হয়।

iii) বিশেষ সদর্থক 'I' বচন

যে বচনের বিধেয়পদ উদ্দেশ্যপদ দ্বারা নির্দেশিত শ্রেণীর কতিপয় বা অল্পকিছু সদস্য সম্পর্কে কোন কিছু স্বীকার করে তাকে বলা হয় বিশেষ সদর্থক বচন।

যেমন – (I) কোন কোন ফুল হয় সাদাবস্তু।

► বিশেষ সদর্থক বচনকে ইংরেজী বর্ণমালার বড় অক্ষরের 'I' বর্ণ দ্বারা প্রকাশ করা হয়।

iv) বিশেষ নঞর্থক '0' বচন

যে বচনের বিধেয়পদ উদ্দেশ্যপদ দ্বারা নির্দেশিত শ্রেণীর কতিপয় বা অল্পকিছু সদস্য সম্পর্কে কোন কিছু অস্বীকার করে তাকে বলা হয় বিশেষ নঞর্থক বচন।

উদাহরণ –

(0) কোন কোন ফুল নয় লালবস্তু।

বিশেষ নঞর্থক বচনকে ইংরেজী বর্ণমালার বড় অক্ষরের 'O' বর্ণ দ্বারা প্রকাশ করা হয়।

ধন্যবাদ